

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২২৮৭

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৪৮. দুধপানের কারণে যা হারাম হয়

### بَاب مَا يَحْرُمُ مِنَ الرِّضَاعِ

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ أَخْبَرَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ قَالَ أَخْبَرْتَنِي عَائِشَةُ أَنَّ عَمَّهَا أَخَا أَبِي الْقُعَيْسِ جَاءَ يَسْتَأْذِنُ عَلَيْهَا بَعْدَ مَا ضَرَبَ الْحِجَابُ فَأَبَتْ أَنْ تَأْذِنَ لَهُ حَتَّى يَأْتِيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَسْتَأْذِنَهُ فَلَمَّا جَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَكَرْتُ ذَلِكَ لَهُ فَقَالَتْ جَاءَ عَمِّي أَخُو أَبِي الْقُعَيْسِ فَرَدَدْتُهُ حَتَّى أَسْتَأْذِنَكَ قَالَ أَوْ لَيْسَ بِعَمِّكَ قَالَتْ إِنَّمَا أَرْضَعْتَنِي الْمَرْأَةَ وَلَمْ يُرْضِعْنِي الرَّجُلُ فَقَالَ إِنَّهُ عَمُّكَ فَلْيَلِجْ عَلَيْكَ قَالَ وَكَانَتْ عَائِشَةُ تَقُولُ يَحْرُمُ مِنَ الرِّضَاعَةِ مَا يَحْرُمُ مِنَ الْوِلَادَةِ

বাংলা

২২৮৭. 'আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণিত। তিনি বলেন, আমার দুধ সম্পর্কের চাচা আবীল কাইসের ভাই এলেন এবং আমার কাছে প্রবেশের অনুমতি চাইলেন, আর এটা পর্দার আয়াত অবতীর্ণ হবার পরের ঘটনা। কিন্তু আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে অনুমতি নেয়া ব্যতীত তাকে প্রবেশের অনুমতি দিতে অস্বীকার করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসার পর তাঁকে জিজ্ঞেস করলাম। আয়িশাহ বলেন, আমার দুধ সম্পর্কের চাচা আবীল কাইসের ভাই এসেছিলেন, কিন্তু আমি আপনার কাছে অনুমতি না নেয়ায় তাকে ফিরিয়ে দিয়েছি। তিনি বললেন, “তিনি কি তোমার চাচা নন?” আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমাকে মহিলা দুধ পান করিয়েছেন, কোন পুরুষ আমাকে দুধ পান করায়নি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তিনি তোমার চাচা, কাজেই তাঁকে তোমার কাছে আসার অনুমতি দাও।” তিনি বলেন, তিনি আরও বলতেন, জন্মসূত্র যাদেরকে হারাম করে, দুধ সম্পর্কও তাদেরকে হারাম করে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মালিক, রাদাআ ২/৬০১-৬০২; বুখারী, নিকাহ ৫২৩৯; মুসলিম, রাদাআ ১৪৪৫।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৫০১ ও সহীহ ইবনু হিব্বান নং ৪১০৯, ৪২১৯, ৪২২০  
তে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82570>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন